# সচেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি: কর্মীদেরকে কী জানতে হবে

NYC's এর উপার্জিত নিরপত্তা ও অসুস্থতার সময় আইনের (সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি) নতুন সংশোধন 30 সেপ্টেম্বর 2020 এবং 1 জানুয়ারি 2021 থেকে কার্যকর রয়েছে। আপনি যদি NYC-তে কোনও ব্যবসায়িক বা অলাভজনক সংস্থায় আংশিক বা পূর্ণ সময়ের জন্য কাজ করেন বা যদি আপনি কোনও NYC -তে গৃহস্থালী কর্মী হিসাবে কাজ করেন, তাহলে কর্মীর অধিকার বোঝার জন্য তথ্য শীটটি[1] পড়ুন। আইনের অধীনে, কর্মীদের এই নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহারের অধিকার রয়েছে এগুলির জন্য:

- আপনার অথবা পরিবারের কোন সদস্যের পরিচর্যা এবং চিকিৎসা সহ
- নিরাপত্তা যেটি আপনি সহায়তা নেওয়ার জন্য অথবা অন্য কোন সুরক্ষা নেওয়ার জন্য ব্যবহার করতে পারেন যদি আপনি বা পরিবারের কোন সদস্য কোন গার্হ্যস্থ হিংস্রতা বা অপ্রত্যাশিকযৌন স্পর্শ, গোপনে অনুসরণ বা চোরাচালানের শিকার হন অথবা হুমকি পান।

## কর্মী আইনে অন্তর্ভুক্ত/অন্তর্ভুক্ত নয়

| অন্তর্ভুক্ত | অন্তর্ভুক্ত নয় |
|---|---|
| • ফুল-টাইম কর্মচারীগণ<br>• পার্ট-টাইম কর্মচারীগণ<br>• গার্হস্থ্য কর্মচারীগণ<br>• পরিবর্তনশীল কাজের প্রোগ্রামের কর্মীরা<br>• এমন কর্মচারী যারা পরিবারের সদস্য কিন্তু মালিক নয়<br>• এমন কর্মচারীগণ যারা নিউ ইয়র্ক সিটির বাইরে বসবাসকারী | • ফেডারেল কার্যঅধ্যয়ন প্রোগ্রামের শিক্ষার্থীরা<br>• যে সমস্ত কর্মীদের কাজের ক্ষতিপূরণ যোগ্য বৃত্তি প্রোগ্রামের দ্বারা দেওয়া হয়<br>• সরকারী সংস্থার কর্মচারী<br>• শারীরিক থেরাপিস্ট, পেশাগত থেরাপিস্ট, স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথলজিস্ট, অডিওলজিস্ট যারা নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন দ্বারা লাইসেন্সপ্রাপ্ত (যদি তারা ইচ্ছার অধীন কাজের অ্যাসাইনমেন্টের জন্য তালিকাভুক্ত হন, তাদের নিজস্ব কাজের সময়সূচি নির্ধারণ করেন, তাদের উল্লেখ করা কোনও দায়িত্ব প্রত্যাখ্যান বা গ্রহণ করার ক্ষমতা থাকতে পারে, এবং প্রতি ঘন্টায় গড়ে বেতন দেওয়া হয় যা ফেডারেল ন্যূনতম বেতনের চেয়ে কমপক্ষে চারগুণ) স্বাধীন ঠিকাদার যারা নিউইয়র্ক স্টেট শ্রম আইনের অধীনে কোনও কর্মচারীর বর্ণনার সাথে মিলে যায় না<br>• কর্ম অভিজ্ঞতা প্রোগ্রাম (Work Experience Programs, WEP) এর অংশগ্রহণকারীরা<br>• কয়েকজন কর্মী সমষ্টিগত কারবারী চুক্তির সাপেক্ষে |

*দ্রষ্টব্য:* যদি আপনার নিয়োগকর্তার কোনও বিদ্যমান নীতি থাকে যা কর্মীদের নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহারের অনুমতি দেয়, নীতিটি অবশ্যই আইনের প্রয়োজনীয়তা পূরণ করতে বা অতিক্রম করতে হবে।

## কর্মীর অধিকার বিষয়ক বিজ্ঞপ্তি

আপনি যদি কর্মীর অন্তর্ভুক্ত হন, আপনার নিয়োগকর্তা আপনাকে অবশ্যই নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির অধিকারের লিখিত নোটিশ দিবেন। ইংরেজিতে এবং আপনার প্রাথমিক ভাষায় আপনার নোটিশের অধিকার রয়েছে যদি কোনও অনুবাদ DCWP ওয়েবসাইট [nyc.gov/workers](nyc.gov/workers) এ উপলব্ধ থাকে। **আপনাকে দেওয়া নোটিশের একটি অনুলিপি রাখুন।** আপনার নিয়োগকর্তাকে কর্মক্ষেত্রে দৃশ্যমান এবং উপলভ্য এমন কোনও জায়গায় কর্মক্ষেত্রের নোটিশ পোস্ট করতে হবে।

## নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটিরপরিমাণ

| নিয়োগকর্তা দ্বারা নিযুক্ত কর্মীসংখ্যা | নিয়োগকর্তার বার্ষিক আয় | প্রতি ক্যালেন্ডারে বছরে ছুটির পরিমাণ * | সবেতন বা অবৈতনিক ছুটি |
|---|---|---|---|
| 4-1 | $1 মিলিয়নের কম | 40 ঘন্টা অবধি | অবৈতনিক |
| | **1/1/2021 থেকে কার্যকর:** $1 মিলিয়ন বা আরও বেশি | 40 ঘন্টা অবধি | সবেতন |
| *বেসরকারী বা অলাভজনক নিয়োগকারী দ্বারা নিযুক্ত 5 বা আরও বেশী*<br>*অথবা*<br>**9/30/2020 থেকে কার্যকর:** *পরিবারের নিয়োগকর্তার দ্বারা নিযুক্ত 1 বা একাধিক গৃহকর্মী* | N/A | 40 ঘন্টা অবধি | সবেতন |
| **1/1/2021 থেকে কার্যকর:** *ব্যক্তিগত বা অলাভজনক নিয়োগকর্তা বা গৃহস্থালীর কর্মীর নিয়োগকর্তা দ্বারা নিযুক্ত* 100 বা ততোধিক | N/A | 56 ঘন্টা অবধি | সবেতন |

*দ্রষ্টব্য: "ক্যালেন্ডার বছর" অর্থ কোনও নিয়োগকর্তা কর্তৃক নির্ধারিত যেকোন নিয়মিত এবং একটানা 12 মাসের সময়কাল। কর্মীর অধিকার বিষয়ক বিজ্ঞপ্তিতে অবশ্যই নিয়োগকর্তার পঞ্জিকাবর্ষ উল্লেখ করা উচিত।

যদি আপনার নিয়োগকর্তার সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি প্রদানের প্রয়োজন হয়, আপনাকে অবশ্যই আপনার নিয়মিত প্রতি ঘন্টার হিসাবে দিতে হবে এবং বর্তমান সর্বনিম্ন বেতনের চেয়ে কম নয়।

## নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি জমা বা ব্যবহার করা

আপনি:

- কাজ শুরু করার সাথে সাথে আপনি নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি জমান। আপনি প্রতি 30 ঘন্টা কর্মরত সময়ের ওপর 1 ঘন্টা হারে জমান।
- এটা জমানোর সাথে সাথে আপনি নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করতে পারেন।
- প্রত্যেক বেতনের সময়কালে আপনার নিয়োগকর্তার কাছ থেকে আপনি লিখিত নথিপত্র গ্রহণ করবেন যা দেখায় আপনি কতটা নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করেছেন, জমিয়েছেন হয়েছে এবং বাকি রয়েছে।

[1] পিছনে তারিখটি নোট করুন। NYC উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) উপযুক্ত হিসাবে এই শীটে আপডেট করা হবে। আপডেটের জন্য [nyc.gov/workers](nyc.gov/workers) অনুগ্রহ করে নিরীক্ষণ চালিয়ে যান।

*ব্যতিক্রম:* যদি আপনি কোন সমষ্টিগত কারবারী চুক্তির মধ্যে থাকেন যেটি 1 লা এপ্রিল 2014 সালে কার্যকর ছিল, তাহলে সিটি আইনের অধীনে চুক্তির মেয়াদ শেষ হওয়ার তারিখ থেকে আপনি নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি জমাতে শুরু করবেন।

## নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহারের গ্রহণযোগ্য কারণসমূহ

আপনি কাজ থেকে বিরতি নেওয়ার জন্য নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করতে পারেন যখন:

- আপনার কোন মানসিক বা শারীরিক অসুখ, আঘাত, বা স্বাস্থ্য পরিস্থিতি থাকে; আপনার চিকিৎসার রোগলক্ষণ শনাক্তকরণ, পরিচর্যা অথবা আপনার মানসিক বা শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্য অবস্থার চিকিৎসার প্রয়োজন হয়; আপনার নিবারণমূলক চিকিৎসাগত পরিচর্যার প্রয়োজন হয়।
- আপনাকে অবশ্যই পরিবারের কোন সদস্যের বিষয়ে যত্নশীল হতে হবে যার কোন চিকিৎসার রোগলক্ষণ শনাক্তকরণ, পরিচর্যা অথবা মানসিক বা শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্য অবস্থার চিকিৎসার প্রয়োজন আছে অথবা যার নিবারণমূলক চিকিৎসাগত পরিচর্যার প্রয়োজন আছে।
- আপনার নিয়োগকারীর ব্যবসা বন্ধ আছে কোন সর্বজনীন স্বাস্থ্য বিষয়ক জরুরী পরিস্থিতির কারণে বা কোন শিশুর পরিচর্যার প্রয়োজন যার স্কুল বা শিশু পরিচর্যা প্রদানকারীর ব্যবস্থা বন্ধ আছে কোন সর্বজনীন স্বাস্থ্য বিষয়ক জরুরী পরিস্থিতর কারণে।
- আপনি বা পরিবারের কোন সদস্য হয়তো কোন গার্হ্যস্থ হিংস্রতা বা অপ্রত্যাশিক যৌন স্পর্শ, গোপনে অনুসরণ বা চোরাচালানের শিকার হয়েছেন অথবা হুমকি পেয়েছেন এবং আপনার শারীরিক, মানসিক বা অর্থনৈতিক স্বাস্থ্য বা আপনার অথবা আপনার পরিবারের সদস্যের সুরক্ষা সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়া প্রয়োজন অথবা সেই সঙ্গী বা সেই ব্যক্তি যারা আপনার সঙ্গে কাজ করে তাদের সুরক্ষিত করার জন্য, যাদের মধ্যে পরে:
  - কোন গার্হস্থ্য হিংস্রতার আশ্রয়, ধর্ষণ সংকট কেন্দ্র অথবা অন্য পরিষেবার কর্মসূচি থেকে নেওয়া পরিষেবা।
  - নিরাপত্তার পরিকল্পনা, স্থানান্তরে অংশগ্রহণ করা অথবা আপনার অথবা কোন নতুন স্কুলে শিশুদের নাম নথিভুক্ত করা সমেত আপনার পরিবারের সদস্যের নিরাপত্তাকে সুরক্ষিত রাখতে অন্য ব্যবস্থা নেওয়া।
  - হেফাজত; পরিদর্শন; বৈবাহিক সমস্যা; নিরাপত্তার আদেশ; অভিবাসন; বসবাস; চাকরি, বাসস্থান বা গ্রাহকের ক্রেডিটে বৈষম্য নিয়ে তথ্য পেতে এবং পরামর্শ নিতে কোন আইনজীবী বা সমাজসেবা প্রদানকারীর সঙ্গে দেখা করা।
  - আইন প্রয়োগের সঙ্গে কোন গার্হস্থ্য ঘটনার রিপোর্ট দাখিল করা অথবা ডিসট্রিক্ট অ্যাটোর্নির কার্যালয়ে দেখা করা।

আইনটি নিম্নলিখিত ব্যক্তিদের “পরিবারের সদস্য” হিসাবে চিহ্নিত করে:

- এমন কোন ব্যক্তি যার সঙ্গে কর্মীর নিকটবর্তীতা পরিবারের সমতুল্য
- শিশু (জন্মদাতা, দত্তক নেওয়া অথবা ফস্টার শিশু; আইনত পালিত সন্তান; লোকো পেরেন্টিসে দাঁড়ানো কোন কর্মীর শিশু)
- নাতি বা নাতনী
- স্বামী বা স্ত্রী
- গার্হস্থ্য সঙ্গী বা সঙ্গিনী পিতা-মাতা
- দাদু বা দিদিমা
- কোন কর্মীর স্বামী বা স্ত্রী বা গার্হস্থ্য সঙ্গী বা সঙ্গিনীর সন্তান বা পিতা-মাতা
- ভাইবোন (সৎ ভাই, দত্তক বা বিমাতা-বিপাতা সম্পর্কীয় ভাইবোন)
- কর্মীর সঙ্গে রক্ত সম্বন্ধীয় অন্য যেকোন ব্যক্তি

## আগাম বিজ্ঞপ্তি

যদি প্রয়োজনের আগাম আঁচ করা যায়, আপনি সাত দিন আগে পর্যন্ত আপনার নিয়োগকর্তাকে নিরাপত্তা বা অসুস্থতাজনিত ছুটি নেবার মনোভাব জানিয়ে আগাম বিজ্ঞপ্তি দিতে পারেন। যদি প্রয়োজনের আগাম আঁচ না করা যায়, আপনাকে আপনার নিয়োগকর্তাকে যত তাড়াতাড়ি সম্ভব (যুক্তিসঙ্গত) বিজ্ঞপ্তি দেওয়ার প্রয়োজন হবে। আপনার নিয়োগকর্তার আপনার লিখিত যাচাইকরণের প্রয়োজন হতে পারে যা নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির উদ্দেশ্যে আপনি নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করেছেন।

## নথিকরণ

আপনার নিয়োগকর্তার যুক্তিসঙ্গত নথিপত্রের প্রয়োজন হতে পারে যদি আপনি পরপর তিনটি কর্মরত দিন নিরাপত্তা বা অসুস্থতাজনিত ছুটি হিসাবে ব্যবহার করেন। আপনার নিয়োগকর্তার প্রয়োজন হতে পারে:

- অসুস্থতাজনিত ছুটির জন্য লাইসেন্সপ্রাপ্ত স্বাস্থ্যসেবা প্রদানকারী কর্তৃক স্বাক্ষরিত একটি নোট;
- বা সামাজিক পরিষেবা সরবরাহকারীর কাছ থেকে নথিপত্র, আইনী পরিষেবা সরবরাহকারী, যাজকবর্গের সদস্য বা নিরাপত্তা ছুটির প্রয়োজনীয়তার পরিচয় দিয়ে আপনার দ্বারা লিখিত নোটারিযুক্ত চিঠি।

*আপনার নিয়োগকর্তার সেই নথিপত্রের প্রয়োজন নেই যে কারণে আপনি নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করেছেন। প্রকাশ অন্য আইনগুলির জন্য লাগতে পারে।*

আপনার নিয়োগকর্তার আপনাকে অবশ্যই অর্থ ফেরত প্রদান করতে হবে:

- প্রয়োজনীয় অসুস্থতাজনিত ছুটির নথিপত্র সরবরাহের জন্য স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের কাছ থেকে নেওয়া ফি; এবং
- প্রয়োজনীয় নিরাপত্তা ছুটির নথিপত্র পেতে সমস্ত যুক্তিসঙ্গত ব্যয় বা খরচ।

## অব্যবহৃত নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি

আপনি পরবর্তী ক্যালেন্ডার বছরে অব্যবহৃত নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি 40 ঘন্টা (বা, প্রযোজ্য ক্ষেত্রে, 1 জানুয়ারি, 2021 থেকে 56 ঘন্টা কার্যকর) অবধি বহন করতে পারেন। তবে, আপনার নিয়োগকর্তা আপনাকে প্রতি ক্যালেন্ডার বছরে মোট 40 (বা 56) ঘন্টা পর্যন্ত নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করতে দিতে বাধ্য।

## প্রতিশোধ

আপনার নিয়োগকর্তা নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির অনুরোধ বা ব্যবহারের জন্য আপনার বিরুদ্ধে প্রতিশোধ নিতে পারবেন না। প্রতিশোধের জন্য অর্ন্তগত হল হুমকি, শৃঙ্খলা, ভীতি প্রদর্শন, পদের অবনতি, বরখাস্ত, অথবা কাজের ঘন্টার হ্রাস, অথবা অনুশীলনের জন্য আপনার বিরুদ্ধে অন্য কোনও প্রতিকূল কর্মসংস্থান বা আইনের অধীনে গ্যারান্টিযুক্ত কোনও অধিকার প্রয়োগের চেষ্টা করা, যার মধ্যে অনুমিত অভিবাসন স্থিতি বা কাজের অনুমোদনের সম্পর্কিত ক্রিয়া অন্তর্ভুক্ত রয়েছে।

## অভিযোগ

আপনি DCWP-তে অভিযোগ দায়ের করতে পারেন। অভিযোগের ফর্ম পেতে গেলে, nyc.gov/workers তে যান অথবা 311 নম্বরে যোগাযোগ করুন। (NYC-র বাইরে-212-নিউ-ইয়র্ক)

*আপডেট করা হয়েছে 11/20/2020 তারিখে*

Consumer and Worker Protection

**প্রশ্ন?** আরও তথ্যের জন্য অথবা DCWP এর সাথে যোগাযোগ করতে:

- আইন এবং প্রায়শই প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য **nyc.gov/workers** দেখুন
- PSSL@dcwp.nyc.gov -তে ইমেল করুন।
- **311** (NYC-র বাইরে-212-নিউ-ইয়র্ক) কল করে "সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি" বলুন